গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনরুদ্ধারের কাজ করছে। গত তিন বছরে ০.২৮ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ, ১.৯২ লক্ষ হেক্টর বন্যামুক্তকরণসহ দক্ষিণাঞ্চলের উপকূলীয় ০.৪৬ লক্ষ হেক্টর আবাদী জমি লবণাক্ততা হতে রক্ষা করা হয়েছে। ১৮৯ কিঃমিঃ নদী তীর সংরক্ষণের ফলে দেশের ভূখন্ড ও স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা করা হয়েছে। ২৭০ কিঃমিঃ ড্রেজিং সম্পন্ন করা হয়েছে। ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং প্রকল্পের আওতায় সিরাজগঞ্জে ১৬ বর্গ কিঃমিঃ ভূমি পুনরুদ্ধারসহ লক্ষীপুরের মুছাপুর ক্লোজারের ভাটিতে ৩০০ হেক্টর ভূমি পুনরুদ্ধার সম্ভব হবে। সিডিএসপি বাস্তবায়নের ফলে ১১২৯৮টি ভূমিহীন পরিবারে ১৫৯০৩ একর বন্দোবস্ত দেয়া হয়েছে। ঢাকাস্থ গ্রীণ রোডে মাননীয় প্রধানমন্ত্রী ৩১/০১/২০১৫ তারিখে পানি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।ভবনের ৪তলা পর্যন্ত কাজ সমাপ্ত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ভূ-প্রাকৃতিক অবস্থান, জলবায়ু পরিবর্তন, পাহাড়ী ঢল ও প্রাকৃতিক দুর্যোগের কারণে ভৌত কাজ টেকসই করা কঠিন। শুষ্ক মৌসুমে উজানে পানি প্রবাহ বাধাগ্রস্ত হওয়ায় দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পায়। প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদীর তীর ভাঙ্গনসহ অবকাঠামোসমূহ হুমকির সম্মুখীন হয় ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর SDG 6 (Water SDG) এবং জলবায়ু পরিবর্তনের কারণে (SDG 13) ভারসাম্যহীন পরিবেশ মোকাবেলার লক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক ২০৩০ সাল পর্যন্ত বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রেক্ষিত পরিকল্পনা ও ৭ম পঞ্চমবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বন্যামুক্তকরণ এলাকার কাভারেজ ১০০ ভাগ অর্জনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ জোরদারকরণ, সেচ ব্যবস্থার উন্নয়ন, নদীর বেসিন ব্যবস্থাপনার মাধ্যমে বন্যা ঝুকিঁ হ্রাস, শস্য নিবিড়তা বৃদ্ধি এবং লবনাক্ততার অনুপ্রবেশ রোধে কার্যক্রম গৃহীত হয়েছে। গঙ্গা ব্যারেজ বাস্তবায়ন হলে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের ২১টি জেলায় পানি সরবরাহের মাধ্যমে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা সম্ভব হবে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ৪৩ কিঃমিঃ বাঁধ নির্মাণ ও ২৯০ কিঃমিঃ পুনঃনির্মাণ, ১৫ কিঃমিঃ নিষ্কাশন খাল খনন ও ৩০৫ কিঃ মিঃ পুনঃখনন, ৫৪টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও ৭৪টি পুনঃনির্মাণ এবং ৬২ কিঃমিঃ তীর সংরক্ষণের মাধ্যমে ০.৯৫ লক্ষ্য হেক্টর বন্যামুক্তকরণ;

- পরিবেশের ভারসাম্য রক্ষা ও সেচ সুবিধা বৃদ্ধির জন্য ১৩৫ কিঃমিঃ সেচ খাল খনন/পুনঃখনন এবং ৩৫টি সেচ অবকাঠামো নির্মাণ ও ১৪টি সেচ অবকাঠামো পুনঃনির্মাণের মাধ্যমে ২৫৫৩ হেক্টর জমিতে অতিরিক্ত সেচ সুবিধা প্রদান সম্ভব হবে।

- উপকূলীয় এলাকার বাঁধ ও অবকাঠামো নির্মাণের ফলে প্রায় ১০,৫৪০ হেক্টর জমিতে লবণাক্ততারোধ সম্ভব হবে এবং হাওর এলাকায় অবকাঠামো এবং বাঁধ নির্মাণের মাধ্যমে ৩০০০ হেক্টর জমিতে আগাম বন্যা প্রতিরোধের মাধ্যমে ফসল উৎপাদন সম্ভব হবে।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

পানি সম্পদের সুষম ও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ জোরদারকরণ
২. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন
৩. হাওর, জলাভূমি ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন
৪. নদীর বেসিন ব্যবস্থাপনার টেকসই উন্নয়ন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;
২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি নিরূপণ সম্পর্কিত কার্যক্রম;
৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;
৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;
৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচির আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাধ এবং ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি এবং
৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বন্যা ঝুঁকি হ্রাস | বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (১১০ লক্ষ হেক্টর) | শতাংশ | ৫৫.৪৩ | ৫৫.৯৫ | ৫৬.৮১ | ৫৭.২১ | ৫৮.০০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| সেচ এলাকা এবং শস্য নিবিড়তা বৃদ্ধি | সেচ এলাকা এবং শস্য নিবিড়তা বৃদ্ধির কভারেজ (১০.৬৪ লক্ষ হেক্টর) | শতাংশ | ৭৯.৪০ | ৮০.৭০ | ৮০.৯৪ | ৮১.৮০ | ৮২.২৫ | কৃষি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| আগাম বন্যা মুক্ত হাওর এলাকা | আগাম বন্যামুক্ত হাওর এলাকার কভারেজ (১২ লক্ষ হেক্টর) | শতাংশ | ১০.২০ | ১০.২০ | ১০.৪৫ | ১১.০০ | ১১.২৫ | কৃষি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| লবণাক্ততামুক্ত উপকূলীয় এলাকার বৃদ্ধি | উপকূলীয় এলাকার লবণাক্ততা রোধের কভারেজ (২৬.৩৭ লক্ষ হেক্টর) | শতাংশ | ৫০.০১ | ৫০.৮০ | ৫১.২০ | ৫১.৮০ | ৫২.১০ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ জোরদারকরণ | ৩৫ | [১.১] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও পুনঃনির্মাণ | [১.১.১] নির্মিত বাঁধ | কিঃমিঃ | ৪.০০ | ৯৩ | ৫৭ | ৪৩ | ৩৯ | ৩৪ | ৩২ | ৩০ | ৪৭ | ৫২ |
| | | | [১.১.২] পুনঃনির্মিত বাঁধ | কিঃমিঃ | ৪.০০ | ৫০১ | ৪২৬ | ২৯০ | ২৬১ | ২৪১ | ২২৫ | ২১০ | ৩২০ | ৩৫০ |
| | | [১.২] নদী তীর সংরক্ষণ | [১.২.১] সংরক্ষিত নদী তীর | কিঃমিঃ | ৫.০০ | ৬৯ | ৭৫ | ৬২ | ৫৬ | ৫১ | ৪৮ | ৪৪ | ৬৭ | ৭৫ |
| | | [১.৩] নদী খনন | [১.৩.১] ড্রেজিংকৃত নদী | কিঃমিঃ | ৫.০০ | ২২ | ৪৪ | ৫৩ | ৫০ | ৪৭ | ৪৫ | ৪৪ | ৬০ | ৬৫ |
| | | | [১.৩.২] এসকেভেটর এর মাধ্যমে খননকৃত নদী | কিঃমিঃ | ৪.০০ | ৭৫ | ৯৮ | ৯৮ | ৯১ | ৮৩ | ৭৪ | ৭০ | ১১০ | ১২০ |
| | | [১.৪] বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ ও পুনঃনির্মাণ | [১.৪.১] নির্মিত কাঠামো | সংখ্যা | ৪.০০ | ৯৬ | ৪২ | ৫৮ | ৫৩ | ৪৯ | ৪৫ | ৪২ | ৬৫ | ৭০ |
| | | | [১.৪.২] পুনঃনির্মিত কাঠামো | সংখ্যা | ৪.০০ | ১০১ | ২১৪ | ৭৪ | ৬৭ | ৬০ | ৫৫ | ৫০ | ৮০ | ৮৫ |
| | | [১.৫] নিষ্কাশন খাল খনন ও পুনঃখনন | [১.৫.১] পুনঃখননকৃত খাল | কিঃমিঃ | ৩.০০ | ১৯০ | ২৮৫ | ৩০৯ | ২৯০ | ২৮৭ | ২৮৬ | ২৮৫ | ৩২০ | ৩৪০ |
| | | | [১.৫.২] খননকৃত খাল | কিঃমিঃ | ২.০০ | ৬৪ | ১৭ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৭ | ২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন | ২৫ | [২.১] সেচ খাল খনন ও পুনঃখনন | [২.১.১] পুনঃখননকৃত সেচ খাল | কিঃমিঃ | ৫.০০ | ২৯ | ১৮ | ১৩৫ | ১২২ | ১১০ | ৯৫ | ৯০ | ১৪৫ | ১৫৫ |
| | | [২.২] সেচ স্ট্রাকচার নির্মাণ ও মেরামত | [২.২.১] নির্মিত সেচ স্ট্রাকচার | সংখ্যা | ৫.০০ | ৪০ | ৩৬ | ৩৫ | ৩২ | ২৯ | ২৬ | ২৪ | ৩৯ | ৪২ |
| | | | [২.২.২] মেরামতকৃত সেচ স্ট্রাকচার | সংখ্যা | ৫.০০ | ৯১৫ | ৭৫ | ১৪ | ১২ | ১১ | ১০ | ৯ | ১৬ | ১৮ |
| | | [২.৩] পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন, রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ | [২.৩.১] নিবন্ধিত গ্রুপ | সংখ্যা | ৫.০০ | ৯৮৭ | ৩৪৭ | ২৮০ | ২৬০ | ২৪০ | ২২০ | ২০০ | ৩০০ | ৩২০ |
| | | | [২.৩.২] প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক | জন | ৫.০০ | ৭৮০ | ১৪৪০ | ১৪২০ | ১৩৫০ | ১৩০০ | ১২৫০ | ১২০০ | ১৪৮০ | ১৫১০ |
| [৩] হাওর, জলাভূমি ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন | ১০ | [৩.১] ভূমি উদ্ধারকল্পে আড়িবাঁধ (Cross dam) নির্মাণ | [৩.১.১] নির্মিত আড়িবাঁধ | সংখ্যা | ৬.০০ | ১ | ১ | ২ | ১ | | | | ২ | ৩ |
| | | [৩.২] জলাভূমির শ্রেণী বিভাগ সম্পর্কিত কার্যক্রম | [৩.২.১] তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করণ এবং প্রতিবেদন প্রস্তুত | সংখ্যা | ৪.০০ | ০ | ১ | ২ | ১ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] নদীর বেসিন ব্যবস্থাপনার টেকসই উন্নয়ন | ১০ | [৪.১] ভৌত ও গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা (বিভিন্ন দপ্তর/সংস্থাকর্তৃক প্রদত্ত) | [৪.১.১] ভৌত মডেলিং এর দাখিলকৃত প্রতিবেদন | সংখ্যা | ২.০০ | ১ | ২ | ৩ | ২ | | | | ৩ | ৪ |
| | | | [৪.১.২] গাণিতিক মডেলিং এর দাখিলকৃত প্রতিবেদন | সংখ্যা | ২.০০ | ২ | ৪ | ৪ | ৩ | | | | ৫ | ৫ |
| | | [৪.২] নমুনা পরীক্ষা | [৪.২.১] পরীক্ষিত নমুনা | সংখ্যা | ২.০০ | ৫২২৫ | ৫৮০০ | ৬০০০ | ৫৭৫০ | ৫৭০০ | ৫৬০০ | ৫৫৫০ | ৬২৫০ | ৬৫০০ |
| | | [৪.৩] প্রকল্পের ক্লিয়ারেন্স প্রদান কার্যক্রম | [৪.৩.১] পর্যালোচনাকৃত প্রকল্প | সংখ্যা | ২.০০ | ১০ | ১৩ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৬ | ১৭ |
| | | [৪.৪] যৌথ নদী ব্যবস্থাপনার বিষয়ে দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক সভা অনুষ্ঠান | [৪.৪.১] অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২.০০ | ৪ | ৫ | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র সচিব<br>পানি সম্পদ মন্ত্রণালয় | ১৮/৭/২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ১৮.০৭.১৬<br>তারিখ |

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ২ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৩ | ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| ৪ | নগই | নদী গবেষনা ইনিস্টিটিউট |
| ৫ | জেআরসি | জয়েন্ট রিভার কমিশন |
| ৬ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৭ | সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |
| ৮ | পিআরএল | পোস্ট রিটাইরমেন্ট লিভ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও পুনঃনির্মাণ | [১.১.১] নির্মিত বাঁধ | ফসলি জমি ও জনবসতি এলাকার বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নদী তীরে বাঁধ নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাঁধ নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট |
| | [১.১.২] পুনঃনির্মিত বাঁধ | ফসলি জমি ও জনবসতি এলাকার বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নদী তীরে নির্মিত বাঁধের ক্ষতিগ্রস্ত অংশ পুনঃনির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বাঁধ পুনঃনির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [১.২] নদী তীর সংরক্ষণ | [১.২.১] সংরক্ষিত নদী তীর | নদী তীর রক্ষার কাজ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | তীর সংরক্ষণ কাজ মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [১.৩] নদী খনন | [১.৩.১] ড্রেজিংকৃত নদী | পানি প্রবাহ বৃদ্ধি ও নদীর ধারণ ক্ষমতা বৃদ্ধির জন্য নদীর তলদেশ ড্রেজিং | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নদী খনন কাজের ক্ষেত্রে প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| | [১.৩.২] এসকেভেটর এর মাধ্যমে খননকৃত নদী | পানি প্রবাহ বৃদ্ধি ও নদীর ধারণ ক্ষমতা বৃদ্ধির জন্য এসকেভেটরের সাহায্যে নদী খনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নদী খনন কাজের ক্ষেত্রে প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [১.৪] বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ ও পুনঃনির্মাণ | [১.৪.১] নির্মিত কাঠামো | স্লুইস, রেগুলেটর, পাম্প স্টেশন, বোট পাস প্রভৃতি অবকাঠামো নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো নির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| | [১.৪.২] পুনঃনির্মিত কাঠামো | স্লুইস, রেগুলেটর, পাম্প স্টেশন, বোট পাস প্রভৃতি অবকাঠামো মেরামত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন কাঠামো পুনঃনির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] নিষ্কাশন খাল খনন ও পুনঃখনন | [১.৫.১] পুনঃখননকৃত খাল | সেচ এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে নিষ্কাশন খাল পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নিষ্কাশন খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| | [১.৫.২] খননকৃত খাল | সেচযোগ্য জমিতে পানি পৌছানোর লক্ষ্যে সেচ খাল খনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | খননকৃত খাল কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [২.১] সেচ খাল খনন ও পুনঃখনন | [২.১.১] পুনঃখননকৃত সেচ খাল | সেচ সুবিধা বৃদ্ধির জন্য সেচ খাল পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | খননকৃত সেচ খালের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [২.২] সেচ স্ট্রাকচার নির্মাণ ও মেরামত | [২.২.১] নির্মিত সেচ স্ট্রাকচার | সেচ সুবিধার্থে রেগুলেটর, স্লুইচ প্রভৃতি অবকাঠামো নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সেচ স্ট্রাকচার নির্মাণ কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| | [২.২.২] মেরামতকৃত সেচ স্ট্রাকচার | সেচ সুবিধার্থে রেগুলেটর, স্লুইস প্রভৃতি অবকাঠামো মেরামত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সেচ স্ট্রাকচার মেরামত কাজের ক্ষেত্রে মেজারমেন্ট বুক এর মাধ্যমে পরিমাপ করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [২.৩] পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন, রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ | [২.৩.১] নিবন্ধিত গ্রুপ | অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন ও নিবন্ধন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নিবন্ধিত গ্রুপ সংশ্লিষ্ট রেকর্ডপত্র গণনার মাধ্যমে হিসাব করে পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন রেজিস্ট্রেশন পরিমাপ করা হয়। | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.৩.২] প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক | অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনার জন্য নিবন্ধিত গ্রুপের প্রশিক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক ও কোর্স সংশ্লিষ্ট রেকর্ডপত্র গণনার মাধ্যমে পরিমাপ করা হয়। | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] ভূমি উদ্ধারকল্পে আড়িবাঁধ (Cross dam) নির্মাণ | [৩.১.১] নির্মিত আড়িবাঁধ | ভূমি উদ্ধারকল্পে আড়িবাঁধ নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | আড়িবাঁধ নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভূক্ত করা হয়। | মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট। |
| [৩.২] জলাভূমির শ্রেণী বিভাগ সম্পর্কিত কার্যক্রম | [৩.২.১] তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করণ এবং প্রতিবেদন প্রস্তুত | দেশের হাওর ও জলাভূমি এলাকার সংখ্যা ও প্রাকৃতিক বৈশিষ্ট্য তথ্য সংগ্রহ ও সংরক্ষণের জন্য তথ্য ভান্ডার প্রস্তুত | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | প্রস্তুতকৃত প্রতিবেদন সংখ্যা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] ভৌত ও গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা (বিভিন্ন দপ্তর/সংস্থাকর্তৃক প্রদত্ত) | [৪.১.১] ভৌত মডেলিং এর দাখিলকৃত প্রতিবেদন | নদী প্রশিক্ষণ, নদীর ভাংগন রোধ, বন্যা নিয়ন্ত্রণ এবং সেচ ও পানি নিষ্কাশনের প্রয়োজনে নকশা প্রণয়নের জন্য এবং নদী কৌশল, নদীর পলল নিয়ন্ত্রণ, নদীর মোহনা এবং জোয়ার ভাটা সম্পর্কিত গবেষণা কাজে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সড়ক ও জনপদ বিভাগসহ বিভিন্ন সংস্থার পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে নির্মিতব্য স্ট্রাকচারের কার্যকারিতা ও স্থায়িত্ব সম্পর্কে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে নির্মিতব্য স্ট্রাকচারের ডিজাইন পরিবর্তনের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নতুন প্রযুক্তি উদ্ভাবনে ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। | নদী গবেষণা ইনিস্টিটিউট | দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা | নগই বার্ষিক প্রতিবেদন, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.১.২] গাণিতিক মডেলিং এর দাখিলকৃত প্রতিবেদন | পানি সম্পদ উন্নয়নের জন্য নদীর পানি প্রবাহ এবং পানি বিভাজন এলাকা, পানি বিজ্ঞান, ভূ-পরিস্থ এবং ভূ-গর্ভস্থ পানি ব্যবহার এবং পরিবেশগত বিষয়াদি বিশেষতঃ লবনক্তার অনুপ্রবেশ এবং পানির গুণাগুণ সম্পর্কে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করা; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সড়ক ও জনপদ বিভাগসহ বিভিন্ন সংস্থার পানি সম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে নির্মিতব্য স্ট্রাকচারের কার্যকারিতা ও স্থায়িত্ব সম্পর্কে পরামর্শ প্রদান এবং প্রয়োজনে নির্মিতব্য স্ট্রাকচারের ডিজাইন পরিবর্তনের পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নতুন প্রযুক্তি উদ্ভাবনে গাণিতিক মডেলের মাধ্যমে সমীক্ষা পরিচালনা করে গবেষণা কার্যক্রম পরিচালনা করা। | নদী গবেষণা ইনিস্টিটিউট | দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা | নগই বার্ষিক প্রতিবেদন, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] নমুনা পরীক্ষা | [৪.২.১] পরীক্ষিত নমুনা | পানি ও মাটির নমুনা পরীক্ষা | নদী গবেষণা ইনিস্টিটিউট | পরিক্ষীত নমুনা সংখ্যা | নগই বার্ষিক প্রতিবেদন, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] প্রকল্পের ক্লিয়ারেন্স প্রদান কার্যক্রম | [৪.৩.১] পর্যালোচনাকৃত প্রকল্প | প্রকল্প অনুমোদনের পূর্বে প্রকল্পের গ্রহণ যোগ্যতার বিষয়ে ছাড় পত্র প্রদানের লক্ষ্যে প্রকল্প পর্যালোচনা | ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং অর্গেনাইজেশন | প্রদত্ত ছাড় পত্রের সংখ্যা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৪] যৌথ নদী ব্যবস্থাপনার বিষয়ে দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক সভা অনুষ্ঠান | [৪.৪.১] অনুষ্ঠিত সভা | পার্শ্ববর্তী দেশ যেমন ভারত, ভুটান, চীন, নেপাল প্রভৃতির সঙ্গে সীমান্ত নদীর পানি বন্টন ও নদী ব্যবস্থাপনা বিষয়ক সভা | জয়েন্ট রিভার কমিশন | অনুষ্ঠির সভার সংখ্যা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | নির্মিত বাঁধ,পুনঃনির্মিত বাঁধ | ভূমি অধিগ্রহণ | অধিগ্রহণ ব্যতীত বাঁধ নির্মাণ সম্ভব নয় | প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হবে । |
| মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় | অনুষ্ঠিত সভা | নেগোসিয়েশন | অন্য দেশের সঙ্গে যোগাযোগ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে হয়ে থাকে | সীমান্ত নদী ব্যবস্থাপনা ব্যাহত হবে। |